**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 03.07.2024** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে নারী সুরক্ষা নিয়ে মহিলা মুখ্যমন্ত্রী নীরব কেন, সেই প্রশ্ন তুলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ রাজ্যসভায় রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাবে জবাবি ভাষণ দেন তিনি।

২) চোপড়া কান্ডে আরও এক অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৩) গণপিটুনী রোধে জেলা প্রশাসনের জন্য একগুচ্ছ নির্দেশিকা জারি রাজ্যে।

৪) রাজ্য সরকার আরও দেড় লক্ষ মানুষকে বিধবা ভাতা, বার্ধক্য ভাতা ও বিশেভাবে সক্ষম ভাতার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে।

৫) কলকাতা হাইকোর্ট রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে রাজভবনের সামনে ধর্ণায় বসার অনুমতি দিয়েছে।

৬) ঘূর্ণাবর্ত ও জোড়া অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের কিছু জায়গায় ভারি বর্ষণের সতর্কতা আবহাওয়া দপ্তরের।

---

পশ্চিমবঙ্গে নারী সুরক্ষা নিয়ে মহিলা মুখ্যমন্ত্রী নীরব কেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেই প্রশ্ন তুলেছেন। আজ রাজ্যসভায় রাষ্ট্রপতির অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক

প্রস্তাবে জবাবি ভাষণে প্রধানমন্ত্রী দেশে নারী সুরক্ষা ও তাদের কল্যাণে সরকারি নানা উদ্যোগের ওপর আলোকপাত করেন। শ্রী মোদির বক্তব্যে উঠে আসে চোপড়ার সালিশি সভায় মহিলাকে নির্যাতনের প্রসঙ্গ। সন্দেশখালি নিয়েও এদিন রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেন প্রধানমন্ত্রী।

বাইট

--------------------------

উত্তর দিনাজপুরে চোপড়া কান্ডে আরও এক অভিযুক্তকে পুলিশ গ্রেফতার করেছে। ধৃত আমিরুল ইসলাম, দীঘলগাঁও এলাকার নাককাটি-র বাসিন্দা। আজ তাকে ইসলামপুর আদালতে তোলা হলে দশ দিনের পুলিশি হেফাজত হয়েছে। এই ঘটনায় মুল অভিযুক্ত জেসিবিকে রবিবার সন্ধ্যায় গ্রেফতার করে পুলিশ। তার ৫ দিনের পুলিশ হেফাজত হয়েছে। পুলিশ সুত্রে জানা গেছে, জেসিবিকে জিজ্ঞাসাবাদ করে এবং ভাইরাল ভিডিও দেখে আমিরুলের খোজ পায় পুলিশ।

এদিকে চোপড়ায় গণপিটুনির ঘটনা নিয়ে আজ বিধানসভা ভবনে সাংবাদিকদের প্রশ্নের মুখে মেজাজ হারান বিধায়ক হামিদুল ইসলাম। গতকালই তাঁকে শোকজ় করে দল। প্রশ্নের মুখে হামিদুল বলেন, যারা অন্যায় করেছে, ভিডিয়ো দেখে পুলিশ তাদের বিরুদ্ধে ব্যবস্থাও নিয়েছে। লাগাতার প্রশ্নের মুখে একসময় হলুদ ট্যাক্সি চেপে বিধানসভা চত্বর ছেড়ে চলে যান তিনি।

উত্তর দিনাজপুরের চোপড়ার তৃণমূল কংগ্রেসের বিধায়ক হামিদুর রহমানকে শো-কজ লোক দেখানো নাটক বলে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী অভিযোগ করেছেন। তিনি বলেন, মূল ঘটনাকে মুখ্যমন্ত্রী ও তাঁর দল আড়াল করার চেষ্টা করছেন।

বাইট

চোপড়ার ঘটনা নিয়ে পুলিশ উপযুক্ত ব্যবস্থা নিয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ মন্তব্য করেছেন। তিনি বিরোধীদের ভূমিকার কড়া সমালোচনা করেন।

--------------------------

চোপড়া কান্ড নিয়ে তোলপাড়ের মধ্যেই উত্তর ২৪ পরগণার শ্যামনগরের কাউগাছির ঘেষমাঠ এলাকায় এক মহিলা বিজেপি কর্মীকে বিবস্ত্র করে মারধোর ও মাথায় ধারালো অস্ত্র দিয়ে কোপ মারার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। গুরুতর আহত অবস্থায় তাঁকে ব্যারাকপুরের B N বসু মহমুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ভোটের ফল প্রকাশের পর থেকে তাঁকে লাগাতার হুমকি দেওয়া হচ্ছিল বলে ওই মহিলার দাবী।

--------------------------

গণপিটুনির ঘটনা আটকাতে রাজ্য সরকার জেলাগুলির উদ্দেশে একগুচ্ছ নির্দেশিকা জারি করেছে। রাজ্যের এডিজি আইন শৃঙ্খলা মনোজ ভার্মা আজ সব জেলার পুলিশ সুপার, রেল পুলিশ সুপার, পুলিশ কমিশনার-সহ পদস্থ আধিকারিকদের উদ্দেশ্যে এই নির্দেশিকা জারি করেছেন। বলা হয়েছে যে, গত কয়েক সপ্তাহ ধরে রাজ্য জুড়ে গণপিটুনির ঘটনার প্রবণতা দেখা যাচ্ছে। হাতে আইন তুলে নেওয়ার এই প্রবণতা কোনওভাবেই বরদাস্ত করা হবে না। প্রতিটি থানার পুলিশকে এ ব্যাপারে আরও সক্রিয় হওয়ার পাশাপাশি সিভিক ভলান্টিয়ার এবং ভিলেজ পুলিশকেও আরও সক্রিয়ভাবে কাজে লাগানোর নির্দেশ দেওয়া হয়েছে। কোথাও কোনও ঘটনা ঘটলে বা এই জাতীয় ঘটনার সম্ভাবনার কথা শুনলে সঙ্গে সঙ্গে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে।

একইভাবে মানুষের মধ্যে আরও বেশি করে সচেতনতা গড়ে তোলার কথা বলা হয়েছে। প্রয়োজনে স্থানীয় ক্লাবগুলিকে এ বিষয়ে যুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। সোশ্যাল মিডিয়া মাধ্যমগুলিতেও বাড়তি নজরদারির চালাতে হবে।

কোনো গুজব বা ভুয়ো খবর  ছড়ানো হলে দোষিদের অবিলম্বে চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার  নির্দেশ দেওয়া হয়েছে। কোনও কোনও চক্র পরিকল্পিতভাবে এই ঘটনা ঘটাচ্ছে বলেও মনে করা হচ্ছে। এবিষয়েও নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। আন্ত-রাজ্য চক্রের যোগ থাকার সম্ভাবনার প্রেক্ষিতে বিহার এবং ঝাড়খণ্ড পুলিশকে সঙ্গে নিয়ে যৌথভাবে অভিযানের কথাও বলা হয়েছে।

-------------------------

রাজ্য সরকার আরও দেড়লক্ষ মানুষকে বিধবাভাতা, বার্ধক্যভাতা এবং বিশেষভাবে সক্ষম ভাতার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে । রাজ্যের পঞ্চায়েত দফতর সমস্ত জেলাশাসকদের সঙ্গে অনলাইন বৈঠক করে অপেক্ষমান তালিকা থেকে যোগ্য উপভোক্তাদের বাছাই করতে বলেছে। তাদের নাম সরকারি পোর্টালে নথিভুক্ত করার কাজও দ্রুত শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। বর্তমানে রাজ্যে প্রায় সাড়ে নয় লক্ষ মহিলা, বিধবা ভাতা পাচ্ছেন। বার্ধক্য ভাতা পাচ্ছেন ৫ লক্ষ চার হাজারের বেশি মানুষ। বিশেষভাবে সক্ষম ভাতার উপভোক্তা সংখ্যা ৪০ হাজার ৬৮৫। এই তিনটি বিভাগ মিলিয়ে ১৬ লক্ষ ৪৮ হাজার ৬৪৯ জনকে ভাতা দেওয়ার কেন্দ্রীয় অনুমোদন রয়েছে। অর্থাৎ এখনও আরও দেড় লক্ষ মানুষকে এই ভাতা দেওয়া সম্ভব। তাই দ্রুত তালিকা প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়েছে বলে পঞ্চায়েত দফতর সূত্রে জানা গেছে।

-------------------------

কলকাতা হাইকোর্ট, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিকে রাজভবনের সামনে ধর্ণায় বসার অনুমতি দিয়েছে। আজ বিষয়টির ওপর শুনানির পর বিচারপতি অমৃতা সিনহা বলেন, ১৪ই জুলাই রবিবার রাজভবনের উত্তর গেটের ১০ মিটার দুরে বিরোধী দলনেতা শান্তিপূর্ণ অবস্থান করতে পারবেন। তবে এসময় কোনো উষ্কানিমূলক মন্তব্য করা যাবেনা। আদালত বিরোধী দলনেতার ধর্ণা অবস্থানের সময়সীমা বেধে দিয়েছে। সকাল ১০ টা থেকে চার ঘন্টা তিনি ধর্ণায় বসতে পারবেন।

উল্লেখ্য, রাজ্যে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনের সামনে ধর্ণায় বসতে চেয়েছিলেন শুভেন্দু বাবু। পুলিশ অনুমতি না দেওয়ায় আদালতের দ্বারস্থ হন তিনি। বিকল্প হিসাবে রাজ্য পুলিশের ডিজির দপ্তরের সামনেও শ্রী অধিকারী অবস্থানে বসতে চেয়েছিলেন।

এদিকে, ধর্ণায় বসার অনুমতি পাওয়য়া কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন শুভেন্দুবাবু। ১৪ ই জুলাই ৩০০ জন অত্যাচারিতকে নিয়ে তিনি ধর্ণায় বসবেন বলে জানিয়েছেন।

বাইট

আজ নদীয়ায় রানাঘাট দক্ষিণ বিধায়নসভার উপনির্বাচনে প্রচারে যোগ দেন তিনি।

--------------------------

কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে রাজ্য জুড়ে আন্দোলনে নামতে চলেছে তৃণমূল কংগ্রেস। এই লক্ষ্যে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল বিকেলে দক্ষিণ কলকাতার আলিপুরে সৌজন্য অডিটোরিয়ামে এক বৈঠকে উপস্থিত থাকবেন। বিদ্বজ্জন এবং দলের নেতাদের আমন্ত্রণ জানানো হয়েছে বলে নবান্ন সূত্রের খবর।

বৈঠকে সাম্প্রতিক সময়ের একাধিক গণ পিটুনির ঘটনা নিয়েও আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

-------------------------

প্রোটোকল ভাঙ্গার অভিযোগে রাজ্যপাল সিভি আনন্দ বোস দার্জিলিংয়ের জেলাশাসক এবং শিলিগুড়ি পুলিশ কমিশনারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছেন। এব্যপারে রাজভবনের তরফে রাজ্যের মুখ্যসচিবকে চিঠি দেওয়া হয়েছে। চিঠিতে জানানো হয়েছে প্রোটোকল অনুযায়ী মঙ্গলবার রাজ্যপালের উত্তরবঙ্গ সফর কালে জেলা প্রশাসনের এই দুই শীর্ষ আধিকারিকের উপস্থিত থাকার কথা থাকলেও, তারা সেখানে যাননি। রাজ্যপাল বাগডোগরা হয়ে শিলিগুড়ির স্টেট গেস্ট হাউসে কয়েক ঘণ্টা থাকলেও শিলিগুড়ির জেলাশাসক, পুলিশ কমিশনার, পুলিশ সুপারের দেখা মেলেনি। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের কোনও পদাধিকারীও উপস্থিত ছিলেন না বলে খবর। একদিন আগে মুখ্যসচিবকে জানিয়ে উত্তরবঙ্গে গেলেও পুলিশ-প্রশাসনের পদাধিকারিদের এই অনুপস্থিতি অস্বাভাবিক বলে চিঠিতে দাবি করা হয়েছে।

-------------------------

এদিকে, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে রাজ্যপালের দায়ের করা মানহানির মামলা নিয়ে কলকাতা হাইকোর্টে আজ শুনানি হয়। বিচারপতি কৃষ্ণা রাও জানিয়েছেন, সিভি আনন্দ বোসের বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর যেসমস্ত মন্তব্য সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে, সেগুলি এই মামলায় যুক্ত করতে হবে। আগামীকাল এই মামলার পরবর্তী শুনানি।

-------------------------

NEET UG, UGC NET সহ একাধিক প্রবেশিকা পরীক্ষা স্বচ্ছ ভাবে পরিচালনায় কেন্দ্রীয় সরকার প্রতিজ্ঞাবদ্ধ। সাম্প্রতিক প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় চক্রান্তকারীদের সাজা দিতে কাজ চালাচ্ছে তদন্তকারী সংস্থা। এই বিষয়ে আগামীকাল শুনবেন একটি বিশেষ আলোচনা- **পরীক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা**। প্রযুক্তিবিদ ও অর্থনৈতিক বিশ্লেষক সুদীপ্ত গুহর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গ এবং DTH বাংলায়। একইসঙ্গে আমাদের সবকটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারিত হবে।

-------------------------

২০২২ সালে রানীগঞ্জের ব্যবসায়ী সুন্দর ভালোটিয়া অপহরণ মামলায় সুবোধ সিং-এর ১৭ ই জুলাই পর্যন্ত সিআইডি হেফাজত হয়েছে। আজ তাকে আসানসোলের সিজেএম আদালতে তোলা হয়। তার বিরুদ্ধে ডাকাতি সহ আরও কয়েকটি অভিযোগ রয়েছে। বিহারের বেউড় জেল থেকে খুন, ডাকাতি, অপহরণ, ব্যবসায়ীদের হুমকি, হামলা চালানোর মতো বহু অপরাধে সুবোধ যুক্ত ছিল বলে জানা গেছে।

রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতি, ডোমজুড়, চন্ডীপুরে ডাকাতি, মনীশ শুক্লা ও রাজু ঝা-র খুন, ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এলাকায় বিটি রোডের ওপর ব্যবসায়ী অজয় মন্ডলের গাড়ী লক্ষ্য করে গুলিবর্ষণ ও তাঁকে হুমকীর ঘটনায় সুবোধ সিং মূল চক্রী বলে অভিযোগ। সুবোধকে সিআইডি কলকাতার ভবানীভবনে নিয়ে আসছে।

-------------------------

কলকাতার লেক থানা এলাকার একটি গেস্টহাউসে মহিলা সঙ্গীকে গুলি করে এক যুবক আত্মঘাতী হয়েছে। জানা গেছে, বজবজের বিদ্যাসাগর রোডের বাসিন্দা রাকেশ কুমার শাহ এবং নিক্কু কুমারী দুবে, গেস্ট হাউসের চারতলার একটি ঘরে ওঠে। বিকেল পাঁচটা নাগাদ রাকেশ তাকে গুলি করে আত্মঘাতী হয়েছে বলে ঐ মহিলা কেয়ারটেকারকে জানায়। গুরুতর আহত অবস্থায় নিক্কু কুমারীকে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

--------------------------

নিট-নেটের মত সর্বভারতীয় পরীক্ষায় দুর্নীতি, প্রশ্নফাঁস ও এরাজ্যে শিক্ষক নিয়োগে ব্যাপক দুর্নীতির প্রতিবাদে ভারতের ছাত্র ফেডারেশন এস এফ আই, আগামীকাল দেশজুড়ে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। রাজ্যের কেন্দ্রীয় শ্রমিক সংগঠনগুলি এই ধর্মঘটকে সর্বাত্মক সমর্থন দেওয়ার কথা জানিয়েছে।

--------------------------

ঘূর্ণাবর্ত এবং জোড়া অক্ষরেখার প্রভাবে আগামী কয়েক দিনে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের বেশ কিছু জায়গায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর। আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে জলপাইগুড়ি এবং উত্তর দিনাজপুরের কিছু এলাকায়। এ ছাড়া, দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, মালদহ, দক্ষিণ দিনাজপুর এবং কোচবিহারে বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী রবিবার পর্যন্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বৃষ্টি চলবে বলে জানানো হয়েছে পূর্বাভাসে।

দক্ষিণবঙ্গের ক্ষেত্রে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ার দু'একটি জায়গায়। বাকি

জেলাতেও ভারী বৃষ্টি হতে পারে। আগামীকাল ভারী বৃষ্টি হতে পারে দুই বর্ধমান, মুর্শিদাবাদ এবং বীরভূমের কিছু এলাকাতেও।

ভারী বৃষ্টির কারণে উত্তরবঙ্গে তিস্তা, জলঢাকার মতো নদীগুলির জলস্তর বাড়ার সম্ভাবনা দেখা দেওয়ায় প্রশাসনকে সতর্ক থাকতে বলা হয়েছে। তিস্তার জলে প্লাবিত মালবাজারের টোটগাঁও গ্রাম। সিকিম পাহাড়ে একটানা বৃষ্টির জেরে তিস্তা নদীর জল উপচে ঢুকতে শুরু করেছে গ্রামে। জলবন্দি এলাকার প্রায় ৫৩টি পরিবার।

এদিকে টানা বৃষ্টির মধ্যে কালিম্পং-এ গতকাল আবার ২৭ মাইল থেকে গেইল খোলা পর্যন্ত এলাকায় ধসনামে। ১০ নং জাতীয় সড়ক বন্ধ থাকার কারণে সব গাড়ী লাভা রোড দিয়ে ঘুরিয়ে দেওয়া হচ্ছে। প্রবল বর্ষণে ভেঙে যাওয়া লিস নদীর বাঁধ, যুদ্ধকালীন তৎপরতায় মেরামত করা হয়েছে। প্রশাসনের তরফে ক্ষতিগ্রস্তদের দেওয়া হয়েছে ত্রিপল।

------------------------- -------------------------